অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/6/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আজকে সাবওয়েতে নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখার একটি পাঁচ পয়েন্ট পরিকল্পনা ঘোষণা করলেন

1,000 নিউ ইয়র্ক স্টেট পুলিশ, MTAPD এবং নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড NYPD ব্যাগ চেককে সমর্থন করবে

গভর্নর হোকল ট্রানজিট সিস্টেমে মধ্যে হামলার অভিযোগে দোষী সাব্যস্ত ব্যক্তিদের সেবা পাওয়া থেকে নিষিদ্ধ করতে বিচারকদের অনুমতি প্রদানকারী বিল উপস্থাপন করলেন

MTA সম্পূর্ণ সিস্টেমজুড়ে ক্যামেরা স্থাপন করা ত্বরান্বিত করবে, কন্ডাক্টর কেবিন সুরক্ষিত রাখার জন্য নতুন ক্যামেরা যোগ করবে

গভর্নর হোকল স্টেট, NYPD, এবং ডিস্ট্রিক্ট অ্যাটর্নির মধ্যকার সমন্বয় উন্নত করার জন্য নতুন সাবওয়ে সহিংসতা কৌশলী অংশীদারিত্ব সমবেত করবেন

স্টেট সাবওয়ে আউটরিচ উদ্যোগকে সম্প্রসারিত করবে, কর্মসূচিটি নিরাপদ বিকল্প সমর্থন দলের পাশাপাশি কর্মকাণ্ড পরিচালনা করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে সাবওয়েতে নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখার জন্য স্টেটের সংস্থান ব্যবহার করার একটি পাঁচ পয়েন্ট পরিকল্পনা ঘোষণা করলেন এর মধ্যে রয়েছে নিউ ইয়র্ক পুলিশ বিভাগ (New York Police Department, NYPD) ব্যাগ চেকে সহায়তা করার জন্য স্টেটের কর্মীর সংখ্যা বৃদ্ধি, একটি নতুন কর্মসূচি বিল যা অন্যান্য যাত্রীর উপর হামলা করা ব্যক্তিদের ট্রানজিট নিষেধাজ্ঞার অনুমতি প্রদান করবে, কন্ডাক্টর কেবিন সুরক্ষিত রাখতে নতুন ক্যামেরা যোগ করা, ডিস্ট্রিক্ট অ্যাটর্নি এবং আইন শৃঙ্খলা রক্ষাকারীদের মধ্যকার সমন্বয় বৃদ্ধি, এবং পুরো সিস্টেমজুড়ে সাবওয়ে কো-রেস্পন্স আউটরিচ (Subway Co-Response Outreach, SCOUT) দলের সংখ্যা বৃদ্ধি করা, যারা বিদ্যমান নিরাপদ বিকল্প সমর্থন দলের (Safe Options Support, SOS) পাশাপাশি কর্মকাণ্ড পরিচালনা করবে। এই পদক্ষেপসমূহ হলো SOS দল স্থাপন করা থেকে শুরু করে প্রত্যেক সাবওয়ে কারে ক্যামেরা স্থাপন করতে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA) কে নির্দেশ দেওয়া পর্যন্ত সাবওয়ের নিরাপত্তায় গভর্নরের অভূতপূর্ব বিনিয়োগের অনুবর্তী। গভর্নর হোকল এছাড়াও

সড়কে বারবার অপরাধ করা ব্যক্তিদের জামিন প্রদানের ক্ষেত্রে নিজেদের সম্প্রসারিত বিবেচনা ব্যবহার করার জন্য বিচারকদের আহ্বান করেছেন।

"দায়িত্ব গ্রহণের পর থেকে আমি সাবওয়ে অপরাধ কমিয়ে আনতে এবং নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখতে নিবিড় মনোযোগ দিয়েছি," **গভর্নর হোকল বলেন।** "আমার পাঁচ পয়েন্টের পরিকল্পনাটি আমাদের সাবওয়ে থেকে সহিংস অপরাধীদের দূর করবে এবং সকল কমিউটার এবং ট্রানজিট কর্মীকে সুরক্ষিত রাখবে। আমি সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি বার্তা প্রেরণ করছি: আপনারা যখনই টার্নস্টিলসের মধ্যে দিয়ে যাত্রা করবেন তখন আপনাদের নিরাপদ রাখতে এবং আমাদের মানসিক শান্তি পুনঃস্থাপন করার কাজ আমি বন্ধ করবো না।"

গভর্নর হোকলের পাঁচ পয়েন্টের পরিকল্পনার মধ্যে রয়েছে:

আরো বেশি স্টেট কর্মী NYPD কে সহায়তা করবে

অত্যন্ত ব্যস্ত এলাকাসমূহে NYPD এর উন্নত ব্যাগেজ চেকের সম্পূরক হিসেবে কাজ করতে, গভর্নর হোকল এই প্রয়াসকে অগ্রসর করতে NYPD এর মিশনে সহায়তা করার জন্য 1,000 স্টেট কর্মীকে নিযুক্ত করছেন। এর মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police, NYSP) এবং MTA পুলিশ বিভাগের (MTA Police Department, MTAPD) 250 সদস্য। পাশাপাশি, আইন শৃঙ্খলা রক্ষাকারীদের তত্ত্বাবধানে এই প্রয়াসের সম্পূরক হিসেবে কাজ করতে যৌথ টাস্ক ফোর্স এম্পায়ার শিল্ডে (Joint Task Force Empire Shield) বর্তমানে নিযুক্ত 750 সদস্যকে উপলভ্য করার জন্য গভর্নর হোকল ন্যাশনাল গার্ডকে (National Guard) নির্দেশ দিয়েছেন। অত্যন্ত ব্যস্ত অবস্থানসমূহকে লক্ষ্য করে এইসব চেক করা হবে।

নতুন কর্মসূচি বিলটি কমিউটার এবং ট্রানজিট কর্মীর হামলাকারীদের নিষিদ্ধ করবে

গভর্নর হোকল আজকে একটি নতুন কর্মসূচি বিল ঘোষণা করেন যা সিস্টেমের অভ্যন্তরে হামলার অভিযোগে দোষী সাব্যস্ত ব্যক্তিদের শাস্তির অংশ হিসেবে MTA সেবা ব্যবহার করা থেকে নিষিদ্ধ করতে বিচারকদের অনুমতি প্রদান করবে। বর্তমানে একটি প্রবিধান রয়েছে যা ট্রানজিট কর্মীদের হামলা করা ব্যক্তিদের শাস্তির একটি শর্ত হিসেবে ট্রানজিট নিষেধাজ্ঞা প্রদান করার অনুমতি দেয়, এবং গভর্নর হোকলের পরিকল্পনার অধীনে সিস্টেমের অভ্যন্তরে যেকাউকে হামলা করার ক্ষেত্রে একই প্রবিধান বিস্তৃত করা হবে।

আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং ডিস্ট্রিক্ট অ্যাটর্নির মধ্যকার সমন্বয় উন্নয়ন

আইন শৃঙ্খলা রক্ষাকারী, ট্রানজিট কর্মী এবং ডিস্ট্রিক্ট অ্যাটর্নিদের মধ্যকার সমন্বয় উন্নত করতে গভর্নর হোকল সিস্টেমের অভ্যন্তরে বিপজ্জনক, বারবার অপরাধ করা ব্যক্তিদের দায়বদ্ধ করা সম্পর্কে তথ্য আদানপ্রদানের সমন্বয় করতে স্টেকহোল্ডারদের মধ্যে নিয়মিত বৈঠকের ব্যবস্থা করবেন। এটি ডিস্ট্রিক্ট অ্যাটর্নিদের তাদের কেসওয়ার্কে সহায়তা করবে এবং সহিংস অপরাধীদের সড়ক থেকে দূরে এবং সাবওয়ে ব্যবস্থার বাইরে রাখার বিদ্যমান প্রয়াসকে সমর্থন করবে। প্রথম বৈঠকটি আগামী সপ্তাহে অনুষ্ঠিত হবে, এবং সমন্বয় বহাল রাখা নিশ্চিত করতে নিয়মিত আয়োজিত হবে। এই প্রক্রিয়ায় সহায়তা করার জন্য এছাড়াও MTA সিস্টেমে অপরাধের শিকার ব্যক্তিদের সহায়তা করার জন্য একজন নতুন ক্রিমিনাল জাস্টিস অ্যাডভোকেটকে নিয়োগ দিবে, এবং বুকিং প্রক্রিয়ার সময় ডিস্ট্রিক্ট অ্যাটর্নির জন্য অপরাধপ্রবণ দোষীদের সনাক্ত করার জন্য MTAPD একটি নতুন আসন্ন সতর্কতা ব্যবস্থা তৈরি করবে।

কন্ডাক্টর এবং কর্মীদের সুরক্ষিত রাখতে নতুন ক্যামেরা
MTA যে গ্রাহক এলাকার ভেতর ক্যামেরা স্থাপন ত্বরান্বিত করছে, গভর্নর হোকলের সেই ঘোষণার উপর ভিত্তি করে গভর্নর হোকল আজকে ঘোষণা করছেন যে কর্মীদের সুরক্ষা প্রদানের জন্য কন্ডাক্টর কেবিনে নতুন ক্যামেরা স্থাপন করার ব্যাপারে মনোযোগ প্রদান করা হবে। ট্রানজিট কর্মীদের হামলা করা আততায়ীদের সন্ধানে এই ক্যামেরাগুলি আইন শৃঙ্খলা রক্ষাকারীদের উল্লেখযোগ্য সহায়তা করবে। গভর্নর হোকল পুরো সিস্টেমজুড়ে দ্রুত এই ক্যামেরা বসানোর জন্য MTA কে নির্দেশ দিচ্ছেন।

SOS কর্মসূচির পাশাপাশি SCOUT পাইলট সম্প্রসারিত করার জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার
জানুয়ারি থেকে নিউ ইয়র্ক সিটির সাথে অংশীদারিত্বে MTA একটি SCOUT দল পাইলট কর্মসূচি শুরু করেছে, যা পুরো সাবওয়ে সিস্টেমে গভর্নর হোকলের প্রতিষ্ঠিত ও সমর্থিত সফল SOS দলসমূহের পাশাপাশি কাজ করবে। সাবওয়ে সিস্টেমের ভেতরে মানসিক স্বাস্থ্য সঙ্কটের সর্বাধিক মারাত্মক ঘটনার সমাধান করার, এবং মানসিক স্বাস্থ্য চিকিৎসা ও সমর্থক আবাসনের অ্যাক্সেস পাওয়ার ক্ষেত্রে নিউ ইয়র্কবাসীকে সহায়তা করার ক্ষমতা SCOUT দলের রয়েছে। এই পাইলটকে দ্রুত স্কেল করার জন্য এবং 2025 শেষ হওয়ার পূর্বে SCOUT দলের মোট সংখ্যা দশ করার জন্য গভর্নর হোকল 20 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছেন।

MTA প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন, "গত বছর থেকে আমরা স্টেশনের ভেতরে এবং অনবোর্ড ট্রেনে কয়েক হাজার নতুন ক্যামেরা স্থাপন করেছি, যা 10,000 যন্ত্র নিয়ে আমাদের ইতিমধ্যেই বিশাল নেটওয়ার্কে আরো সংযোজন করেছে, যার কারণে বিভিন্ন সময়ে বারবার পুলিশের আশঙ্কা এবং অপরাধ প্রতিরোধও করা গেছে। এবং এখন আমাদের সাহসী কন্ডাক্টর এবং অপারেটরগণ যেই ঝুঁকির সম্মুখীন হচ্ছে তার সমাধান করার জন্য কন্ডাক্টর ক্যাবে ক্যামেরা স্থাপন করা আমরা অগ্রসর করছি। আমরা পদক্ষেপ না নিয়ে থাকতে পারছি না। নিরাপত্তা, বা নিরাপত্তার অভাবের অনুভূতি দ্বারা মানুষকে ভীত হতে দেওয়া যাবে না কারণ ট্রানজিট সিস্টেমটি সিটির জন্য অতিরিক্ত গুরুত্বপূর্ণ।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশের ভারপ্রাপ্ত সুপারিন্টেনডেন্ট স্টিভেন জি জেমস বলেন, "আমাদের সাবওয়ে সিস্টেমের নিরাপত্তা উন্নত করার এই সার্বিক পরিকল্পনা নিয়ে আসার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি। সামগ্রিকভাবে, আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী অংশীদারদের সাথে মিলে আমরা এই সমস্যার সমাধান করতে পারবো এবং সকলের জন্য আরো নিরাপদ একটি নিউ ইয়র্ক নিশ্চিত করতে পারবো।"

MTAPD অপারেশন প্রধান টমাস ট্যাফে বলেন, "আমরা জানি অপরাধের ভীতি হ্রাস করার প্রতি মনোযোগ প্রদান করা অপরাধ হ্রাস করার মতোই গুরুত্বপূর্ণ। পাঁচটি বরোর প্রত্যেকটির কমিউটার হাবে এখন আমাদের অফিস রয়েছে যারা রাতের মধ্যে ট্রেন পরিষ্কার করছে, শহরের প্রতিটি কোণায় বিভিন্ন এজেন্সির সাথে গৃহহীন আউটরিচ অংশীদারদের সাথে কাজ করছে। যাত্রীদের সবথেকে বেশি প্রভাবিত করা সমস্যা, যেমন বিশৃঙ্খলার অনুভূতি, ভাড়া না দেওয়া, এবং মানসিক চাপে থাকা ব্যক্তির সহিংস আচরণের সাড়াদান করতে ডেটা ব্যবহার করার ক্ষেত্রে আমরা মনোযোগ দিচ্ছি।"

নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের অ্যাডজাঙ্কট জেনারেল, মেজর জেনারেল রে শিল্ডস বলেন, "নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের দায়িত্বরত সদস্যরা সর্বদা আমাদের নাগরিকদের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করার কাজে নিযুক্ত আমাদের অংশীদারদের সাহায্য করতে প্রস্তুত আছে।"

ব্রুকলিন ডিস্ট্রিক্ট অ্যাটর্নি এরিক গঞ্জালেস বলেন, "নিউ ইয়র্কের সাবওয়ে হলো স্পন্দনশীল হৃদয় যা আমাদের সিটিকে সচল রাখে, এবং যাত্রী এবং MTA কর্মীদের নিরাপত্তা হলো আমার অফিসের একটি শীর্ষ অগ্রাধিকার। গভর্নর হোকলের প্রস্তাবিত সার্বিক পরিকল্পনাটি আমাদেরকে সেই লক্ষ্য অর্জনে সাহায্য করবে এবং জননিরাপত্তার ক্ষেত্রে তার নেতৃত্ব ও চলমান প্রতিশ্রুতির জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। গণপরিবহনে অপরাধের মোকাবেলা করার জন্য আমাদের সকল অংশীদারদের সাথে সহযোগিতামূলক কাজ অব্যাহত রাখতে আমরা উন্মুখ।"

স্ট্যাটেন আইল্যান্ডের ডিস্ট্রিক্ট অ্যাটর্নি মাইকেল ই ম্যাকম্যাহন বলেন, "নিউ ইয়র্ক সিটি এবং আশেপাশে জীবনের জন্য একটি নিরাপদ ও সম্পূর্ণ কার্যকর গণপরিবহন ব্যবস্থা অপরিহার্য। হাজার হাজার স্ট্যাটেন আইল্যান্ডের অধিবাসী কাজে যেতে, স্কুলে যেতে, কোনো প্রিয়জনের দেখাশোনা করার জন্য বা সাধারণ দৈনন্দিন কাজ করার জন্য আমাদের স্থানীয় ও এক্সপ্রেস বাস, ফেরি এবং ফেরি টার্মিনাল এবং স্ট্যাটেন আইল্যান্ড রেলরোডের উপর নিভর করে, এবং সম্ভাব্য সবথেকে নিরাপদ অভিজ্ঞতা তাদের প্রাপ্য। আজকে ঘোষিত প্রয়াসসমূহের জন্য আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ; সকল স্ট্যাটেন আইল্যান্ড অধিবাসীর জন্য এটি একটি স্বাগত সংবাদ। বারবার সহিংস অপরাধ করা ব্যক্তিদের আমাদের বাস ও ট্রেন থেকে দূরে রাখতে, এবং যারা আইন লঙঘন করে এবং আমাদের জীবনযাত্রার মানকে ক্ষতিগ্রস্ত করে তাদের বিরুদ্ধে সম্ভাব্য সবথেকে কঠিন মামলা তৈরি করার জন্য এই নতুন কর্মী ও নতুন প্রযুক্তির সাথে কাজ করতে আমার দল উদগ্রীব। আসন্ন বছরে, এরকম অত্যাবশ্যকীয় জননিরাপত্তা অগ্রাধিকারে, নিউ ইয়র্ক সিটি অঞ্চলের পাশাপাশি পুরো স্টেটে নিউ ইয়র্ক ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অ্যাসোসিয়েশনের (District Attorneys Association of New York) পক্ষেও গভর্নর হোকলের সাথে কাজ অব্যাহত রাখতে আমি উন্মুখ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন